সুদীর্ঘ তেষট্টি বৎসর ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
পণ্ডিত-প্রেস
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৬শে মাঘ বুধবার, ১৩৭২ ইং 9th Feb. 1966 { ৩৭শ সংখ্যা



সকল ঘরের তরে...
**দীপ্তি লণ্ঠন**
ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২
C. P. Seare

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**
কেরোসিন কুকার
প্রস্তুতকারক:
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

**শীতবস্ত্রের বিপুল আয়োজন**
**শিবদুর্গা বস্ত্রালয়**
রঘুনাথগঞ্জ বাজারপাড়া
গ্রাহকগণের রুচিসম্মত শীতের উপযোগী নানা-প্রকার কাপড় আমদানী করিয়াছি। পরীক্ষা প্রার্থনীয়।
প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

**স্টুডেন্টস্ ফেভারিট**
রঘুনাথগঞ্জ, ( বাস ষ্ট্যাণ্ড ) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

২৬শে মাঘ বুধবার সন ১৩৭২ সাল।

আপনার উপর ধার্য লেভির ধান
সরকারকে দিয়াছেন কি?

ভেবে দেখুন ঃ

আপনি লেভির ধান না দিলে
গ্রামাঞ্চলে আংশিক রেশন ব্যবস্থা
চলবে কি করে?

W. B. (I & P. R.) 1568(75) (R)/66

## বালিকা বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

গত ৫ই ফেব্রুয়ারী রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ফৌজদারী আদালত প্রাঙ্গণে প্রবল উত্তেজনা ও আনন্দের মধ্যে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে পৌরোহিত্য করেন মাননীয় মহকুমা-শাসক শ্রীযুক্ত পার্থসারথি চৌধুরী মহাশয় এবং প্রধান অতিথির আসন গ্রহণ করেন জঙ্গিপুর কলেজের অধ্যক্ষ শ্রীজগদানন্দ দত্ত মহাশয়। মাননীয় সভাপতি ও প্রধান অতিথি মহাশয় এই বিদ্যালয়ের ছাত্রীদের শৃঙ্খলাজ্ঞানের ভূয়সী প্রশংসা করেন। উক্ত বিদ্যালয়ের ছাত্রীদের শৃঙ্খলাজ্ঞান ও বিদ্যালয় কর্তৃপক্ষের সুষ্ঠু ব্যবস্থাপনা সত্যই অনুকরণীয়। মাঠে প্রচুর জনসমাগম হয়েছিল। অষ্টম শ্রেণীর ছাত্রী শ্রীমতী মীরা দত্ত স্কুল চ্যাম্পিয়ান হয়েছে। বিদ্যালয়ের শিক্ষিকাদের গানের মাধ্যমে স্মরণশক্তির প্রতিযোগিতাটি খুবই আকর্ষণীয় হয়েছিল। স্মরণ-শক্তির প্রতিযোগিতায় মধুরকণ্ঠে গানগুলি পরিবেশন করেছিল দশম শ্রেণীর (বিজ্ঞান) ছাত্রী শ্রীমতী বাণী সেনগুপ্ত।

## অষ্টপ্রহর

রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত নিস্তা গ্রামে পূর্ব্বা-পূর্ব্ব বৎসরের ন্যায় এবারও যথারীতি অষ্টপ্রহর হইয়া গিয়াছে। উক্ত গ্রামের লক্ষ্মীনারায়ণ দেবের মন্দিরের সম্মুখস্থ প্রাঙ্গণে অষ্টপ্রহর হইয়াছিল। কীর্ত্তন শুনিবার জন্য গ্রামের ও নিকটবর্ত্তী গ্রাম-সমূহের হিন্দু-নরনারী সমবেত হইয়াছিলেন।

## "দেবেনশাল" ধান

এন সি ১২৪৮ এই উন্নত ধরণের ধানবীজ বীরভূম জেলার সাঁইথিয়া ব্লক এলাকায় সাধারণের মধ্যে "দেবেনশাল" নামে পরিচিত হয়েছে। কৃষকেরা তাঁদের এলাকার জনপ্রিয় গ্রামসেবক শ্রীদেবেন্দ্রকুমার সেনের নামানুসারে ঐ ধানবীজের নতুন নামকরণ করেছেন। উল্লেখযোগ্য যে শ্রীসেন ১৯৬৪-৬৫ সালে পশ্চিম বাংলার শ্রেষ্ঠ গ্রামসেবক নির্বাচিত হয়েছেন। এই এলাকায় "দেবেনশাল" কিভাবে জনপ্রিয় হল তা এক অপূর্ব কাহিনী। আহমদপুরের কৃষিজীবী শ্রীপ্রেমকুমার সারদার প্রায় ৬০ বিঘা ধানী জমি আছে। কিন্তু তিনি তাঁর ক্ষেত থেকে একর প্রতি ৪ মণের বেশী ধান উৎপন্ন করতে পারতেন না। শ্রীসেনের পরামর্শমত সেখানে কয়েকটি নতুন কৃষি পদ্ধতি অবলম্বন করা হয়। কিন্তু তাতে বিশেষ সুফল পাওয়া যায় না। ১৯৬৩ সালে ১৫ কিলোগ্রাম এন সি ১২৮১ বীজ সংগ্রহ করে ঐ কৃষকের তিনখণ্ড জমিতে নতুন বীজ দিয়ে শ্রীসেন স্বয়ং পরীক্ষামূলক কৃষিকর্ম করেন। এতে দারুণ সাফল্য লাভ হয়। শ্রীসেন ঐ জমিগুলিতে একর প্রতি ৪৬ থেকে ৫১ মণ ধান উৎপন্ন করেন। এইসব বীজ পরে অন্য জমিতেও পরীক্ষা করা হয়। সর্বত্রই উত্তম ফল পরিলক্ষিত হয়। স্থানীয় চাষীদের কাছে এই বীজ শীঘ্রই জনপ্রিয় হয়ে ওঠে। তাঁরা তাঁদের গ্রামসেবকের নাম অনুসারে সস্নেহে এটির নাম দেয় "দেবেনশাল"। জন্ম পূর্ব্ব পাকিস্তানের নোয়াখালি; বয়স ৪০; শ্রীসেন ১৯৪৪ সালে অবিভক্ত বাংলা দেশে পাট নিয়ন্ত্রণ দপ্তরের পি এল এ হিসেবে কর্মজীবন সুরু করেন। বঙ্গবিভাগের পর পশ্চিমবঙ্গে আসার ইচ্ছা প্রকাশ করেন এবং ১৯৪৭ সালে কৃষি দপ্তরের অধীনে ইউনিয়ন কৃষি সহকারী নিযুক্ত হন। ঐ পদে তিনি ১৯৪৯ সালের জানুয়ারী পর্য্যন্ত অধিষ্ঠিত ছিলেন। এরপরে তিনি সাঁইথিয়া ব্লকের অধীনে আমোদপুর অঞ্চলের গ্রামসেবক নিযুক্ত হন এবং আজ পর্য্যন্ত সেই পদেই বহাল আছেন। গ্রামসেবক হিসেবে তাঁর প্রধান কাজ হল কৃষির উন্নতিসাধন ও আধুনিকীকরণ। তিনি দক্ষতার সঙ্গে সে কাজ করে আসছেন। শ্রীসেন গর্বভরে বলেন যে, বর্ত্তমানে তাঁর অঞ্চলের প্রায় শতকরা ৯৯ জন কৃষক রাসায়নিক সার ব্যবহার করছেন এবং ১৫০টি উন্নত লাঙল ও অন্যান্য উন্নত যন্ত্রপাতি কিনেছেন। তাঁর অঞ্চলের কৃষকদের কাছে নানান ধরণের উন্নত ধানবীজ জনপ্রিয় হয়েছে। তাঁর সাফল্যের রহস্যের কথা জিজ্ঞাসা করলে শ্রীসেন বলেন ছেলেবেলা থেকেই তরিতর-কারীর বাগান করা আমার একটা বাতিক ছিল। দীর্ঘ অভিজ্ঞতা এবং কৃষি শিক্ষণ আমাকে জমিতে চাষীদের সঙ্গে কাজ করার প্রেরণা জুগিয়েছে।

## খড়ের পালায় আগুন

রঘুনাথগঞ্জ থানার সিমলা গ্রামের শ্রীভবেশচন্দ্র দত্ত নামক জনৈক বর্দ্ধিষ্ণু গৃহস্থের নয়টি খড়ের পালা আগুন লাগিয়া পুড়িয়া গিয়াছে। বিরুদ্ধপক্ষের লোকে এই অপকর্ম্ম করিয়াছে বলিয়া গ্রামবাসি-গণের ধারণা।

## পরলোকগমন

বিগত ২৮শে জানুয়ারী শুক্রবার বহরমপুরের বিশিষ্ট নাগরিক শ্রীবাঁশরীমোহন সেনের এলাহাবাদে জীবনাবসান হয়। শ্রীসেন প্রয়াগে কুম্ভস্নানে গমন করিলে এক রিক্সা দুর্ঘটনায় হাসপাতালে নীত হন। সেখানে হাসপাতাল কর্ত্তৃপক্ষের ঔদাসীন্যে তাঁহার মৃত্যু হয়। বহরমপুরের স্বনামধন্য ডক্টর রামদাস সেন মহাশয়ের বংশধর শ্রীসেন সদালাপী ও অমায়িক স্বভাবের ছিলেন। তাঁহার শোকসন্তপ্ত পরিজনবর্গের শোকে আমরা সমবেদনা জ্ঞাপন করিতেছি।

## বিজ্ঞপ্তি

সর্ব্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, "রূপায়ণ" ষ্টুডিওর অন্যতম অংশীদার শ্রীমতী মাধবীলতা দাস স্বামী শ্রীহরিলাল দাস সাং রঘুনাথগঞ্জ গত ইং ৮-১২-৬৫ তারিখে আমার অনুকূলে এক দলিল সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিয়া "রূপায়ণ" ষ্টুডিওর সহিত সর্ব্বপ্রকার স্বত্ব-স্বামিত্ব লভ্য অধিকার ত্যাগ করতঃ সর্ব্বতোভাবে নিঃস্বত্ববতী হইয়াছেন এবং আমি "রূপায়ণ" ষ্টুডিওর একক মালিক স্বরূপে বকেয়া টাকা আদায়ের ও সমুদয় লভ্যাদি গ্রহণের অধিকারিণী হইতেছি। উক্ত মাধবীলতা দাস বা তাঁহার স্বামী শ্রীহরিলাল দাস "রূপায়ণ" ষ্টুডিওর প্রাপ্য কোন টাকা গ্রহণ করিতে পারেন না। এমতে "রূপায়ণের" প্রাপ্য সমুদয় টাকা আমি বা আমার স্বামী শ্রীঅশোককুমার চট্টোপাধ্যায়কে আদায় দিবেন অন্যথায় আইন ও ন্যায়মতে "রূপায়ণের" পাওনা পরিশোধের দায়-দায়িত্ব রহিয়া যাইবে। আরও প্রকাশ থাকে যে বর্ত্তমানে "রূপায়ণ" ষ্টুডিওর নাম পরিবর্ত্তন করিয়া "ষ্টুডিও অমরনাথ" নামকরণ হইয়াছে এবং উহা রঘুনাথগঞ্জ সাকিমের ৩৮৯নং হোল্ডিংএ স্থাপিত হইয়াছে। ইতি—তাং ৭-২-৬৬

শ্রীনমিতা চট্টোপাধ্যায়
স্বামী শ্রীঅশোককুমার চট্টোপাধ্যায়, সাং রঘুনাথগঞ্জ

## দুই মাইল দৌড় প্রতিযোগিতা

আগামী ২৭শে ফেব্রুয়ারী, ১৯৬৬ তারিখে দুই মাইল দৌড় প্রতিযোগিতায় অংশ গ্রহণ করিবার জন্য ও বিস্তারিত খবর জানিবার জন্য ১। শ্রীবিজন-কুমার সেন, সম্পাদক, ২। শ্রীউদয়শঙ্কর রায় ও ৩। শ্রীঅশোককুমার রায়, যুগ্ম-সম্পাদকের নিকট যোগাযোগ স্থাপনের অনুরোধ করা হইতেছে।

রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


## ॥ আপনার এলাকা থেকে ধান-চাল পাচার বন্ধ করুন ॥

সমবায় সমিতি, সরকার অথবা সরকারের প্রতিনিধি এবং চাল-কল ছাড়া অন্য কারুর কাছে আপনি ধান-চাল বিক্রী করলে তা আপনার এলাকা থেকে পাচার হয়ে যাবে।

### আপনার অভাবের সময় তাহ'লে ধান-চাল আপনি পাবেন না

সরকার আপনার এলাকা থেকে যে ধান কিনছেন বা সংগ্রহ করছেন তা আপনার এলাকার ঘাটতি অঞ্চলের মধ্যেই বিক্রীর ব্যবস্থা করা হবে।

### সরকারী খাদ্যনীতির মূল উপদেশগুলি ভুলবেন না

সেগুলি হ'ল •

(১) ছোট ছোট কৃষকদের ন্যায্য মূল্যে ধান-চাল বিক্রী করার সুযোগ দেওয়া।

(২) গ্রামাঞ্চলে বিশেষ ক'রে ঘাটতি এলাকায় সারা বছর ন্যায্য দামে ধান-চাল বিক্রীর ব্যবস্থা করা।

(৩) শহরাঞ্চলে যাদের ক্রয়ক্ষমতা বেশী তাদের মধ্যে চালের ব্যবহার যথাসম্ভব কমিয়ে দেওয়া।

— আপনার কর্ত্তব্য —

### আপনার এলাকা থেকে ধান-চাল পাচার বন্ধ করা

W. B. (I & P. R.) 1568(75) (R)/66


## বিজ্ঞাপন

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

২৩/৬৫ স্বত্বজারী

জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালতের ২৩/৬৫ স্বত্বজারী মোকদ্দমায় ডিক্রীদার ভিক্ষু মণ্ডল দিং বঃ ১। তৈয়ব আলী মুন্সী ২। সাবিরুদ্দিন মুন্সী ৩। করিম বক্স মণ্ডল সাং বড়াল থানা সিংরা জেলা রাজসাহী এতদ্দ্বারা আপনাদিগকে ও সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে থানা সুতীর অন্তর্গত মৌজা নুরপুর মধ্যে ২৩৯৩নং খতিয়ান ভুক্ত '৭৭ শতক জমির বিক্রয় কবালা সম্পাদন করিয়া দিয়াছেন ও উক্ত বিক্রয় কবালা রেজেষ্ট্রী করার জন্য অত্র আদালত আদেশ দিতেছেন যে উক্ত দেন্দারগণ কিংবা সর্ব্বসাধারণের কবালা রেজেষ্ট্রী সম্বন্ধে কোন আপত্তি থাকিলে অত্র আদালতে ৫। ৩। ৬৬ তারিখে বেলা ১০॥০ ঘটিকার সময় দর্শাইবেন।

By Order of the Court
B. B. Ghosh
Sharistadar, Munsif's
1st. Court, Jangipur.





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

# দাস ঘর

পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

সকল প্রকার সাইন-বোর্ড লেখা হয়

---

## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)